

## বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট

সাভার, ঢাকা।

নং-বিএলআরআই/ইনোভেশন/২০১৭/ ১২

তারিখঃ ০৯-০৫-২০১৭ খ্রি.

### গত ০৮/০৫/২০১৭ খ্রি. তারিখ অনুষ্ঠিত বিএলআরআই ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী

গত ০৮ মে, ২০১৭ খ্রি. তারিখ সকাল ১২:০০ ঘটিকায় ইনভেশন অফিসার ড. নাসরিন সুলতানা এর সভাপতিত্বে বিএলআরআই ইনোভেশন টিমের একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সদস্যদের তালিকা নিম্নরূপ।


ক্রমিক নং	নাম	পদবি	স্বাক্ষর
০১।	জনাব মোঃ লুৎফুল হক, ইনোভেশন সদস্য	সিস্টেম এনালিস্ট	স্বাক্ষরিত
০২।	ড. সরদার মোহাম্মদ আমানুল্লাহ, ইনোভেশন সদস্য	উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা	স্বাক্ষরিত
০৩।	ড. মোঃ ছাদেক আহমেদ, ইনোভেশন সদস্য	উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা	স্বাক্ষরিত
০৪।	ড. মোঃ আব্দুস সামাদ, ইনোভেশন সদস্য	উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা	স্বাক্ষরিত

সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যদেরকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় বিএলআরআই এর ২০১৭ সালের ইনোভেশন পরিকল্পনা এবং তদনুযায়ী ইনোভেশন কার্যক্রম এবং পূর্ববর্তী সভার সিদ্ধান্ত সমূহ বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করা হয়। সিস্টেম এনালিস্ট ও ইনোভেশন সদস্য জনাব মোহাম্মদ লুৎফুল হক সভাকে ইনোভেশন কার্যক্রম বাস্তবায়নের অগ্রগতি অবহিত করেন। তিনি সভাকে জানান যে, আগামী ১৩-১৪ মে প্রধানমন্ত্রীর কার্যালয়ের অধীনে আয়োজিত প্রশিক্ষণে অংশগ্রহণ করা হবে, ফিডমাস্টার মোবাইল এপস এর উপরে একটি প্রশিক্ষণ সম্পন্ন করে হয়েছে এবং এপসটির উইন্ডোজ ভার্সন তৈরীর কাজ চলমান আছে। আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গ্রহণ করা হয়-

সিদ্ধান্ত সমূহঃ

০১. বিএলআরআই এর হেল্প ডেস্কটি প্রধান ফটকের সাথে অবস্থিত আনসার বক্সে স্থাপনের জন্য মতামত প্রকাশ করা হয়, যা মহাপরিচালক মহোদয়ের অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে।
০২. ইনস্টিটিউটের বিভিন্ন সভা আহ্বান বা কর্মচারীদের তাৎক্ষণিক বার্তা/নোটিশ প্রেরণের জন্য ওয়েব বেজড এসএমএস প্রেরণ সফটওয়্যারটি উদ্বোধনের সময় নির্ধারণের জন্য মহাপরিচালক মহোদয়কে অনুরোধ করা হবে।
০৩. ইনোভেশন কার্যক্রমের মেন্টর নিয়োগের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।
০৪. প্রযুক্তি ও নির্দেশিকাসমূহের স্ক্যান করা ইলেক্ট্রনিক কপি পর্যায়ক্রমে ওয়েবসাইটের মাধ্যমে অনলাইনে প্রকাশ করার কার্যক্রম শুরু করা হবে।
০৩. গরু হুটপুটকরণ প্রযুক্তির অ্যানিমেটেড ভিডিও ম্যানুয়াল তৈরীর নিমিত্ত স্ক্রিপ্ট প্রস্তুতের জন্য বিশেষজ্ঞ বিজ্ঞানীদের সমন্বয়ে একটি কমিটি করা হবে, ও বাজেট প্রনয়ন করা হবে।

সার্বিক আলোচনা শেষে গৃহীত কর্মপরিকল্পনাসমূহ যথাসময়ে বাস্তবায়নের বিশেষ গুরুত্ব আরোপ করেন এবং উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(ড. নাসরিন সুলতানা)  
ইনোভেশন অফিসার

অনুলিপিঃ

- ১। জনাব মোঃ লুৎফুল হক, সিস্টেম এনালিস্ট ও ইনোভেশন সদস্য, বিএলআরআই, সাভার, ঢাকা।
- ২। ড. সরদার মোহাম্মদ আমানুল্লাহ, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ও ইনোভেশন সদস্য, বিএলআরআই, সাভার, ঢাকা।
- ৩। ড. ছাদেক আহমেদ, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ও ইনোভেশন সদস্য, বিএলআরআই, সাভার, ঢাকা।
- ৪। ড. মোঃ আব্দুস সামাদ, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ও ইনোভেশন সদস্য, বিএলআরআই, সাভার, ঢাকা।
- ৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিএলআরআই, সাভার, ঢাকা।
- ৬। অফিস নথি।